


# Compiled News Coverages of Print Media

## Year- 2023

## 6th Bangladesh Clinicals Psychology Conference

Prepared by

**Media Coverages Team**

6th Bangladesh Clinical Psychology Conference

9/25/2023

## ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের প্রচারনা

সাইকোহেলথ নিউজ

সমৃদ্ধির অগ্রযাত্রায় আরো এক ধাপ

# ২১ সেপ্টেম্বর ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলন

August 14, 2023

***সাইকোহেলথ নিউজ ডেস্ক***

আগামী ২১ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শুরু হতে যাচ্ছে '৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলন'। চারদিনব্যাপী এই সম্মেলন যৌথভাবে আয়োজন করছে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ।

সম্মেলনের এবারের প্রতিপাদ্য 'কমিউনিটি মেন্টাল হেলথ : অ্যা কি টু ব্রিজড মেন্টাল হেলথ গ্যাপ ইন বাংলাদেশ'। সম্মেলনে অংশ নিতে ১৫ সেপ্টেম্বরের মধ্যে রেজিস্ট্রেশনের সময়সীমাও বেঁধে দিয়েছে তারা। তবে ১৫ আগস্টের মধ্যে গবেষণাপত্রের সারাংশ বা অ্যাবস্ট্রাক্ট জমা দিতে হবে।

চারদিনব্যাপী এই সম্মেলনের প্রথম ও শেষ দিন বিভিন্ন বিষয়ের উপর মোট ১২টি ওয়ার্কশপের আয়োজন করা হয়েছে। সম্মেলনের মূল কর্মসূচি অনুষ্ঠিত হবে ২২ ও ২৩ সেপ্টেম্বর। এই দুই দিনে বিভিন্ন বিষয়ে সায়েন্টিফিক ও প্লেনারি সেশন অনুষ্ঠিত হবে।

সায়েন্টিফিক সেশনগুলোতে থাকবে সিম্পোজিয়াম, রিসার্চ পেপার প্রেজেন্টেশন ও পোস্টার প্রেজেন্টেশন। প্লেনারি সেশনগুলোতে মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন বিশিষ্ট ব্যক্তিরা।

এসব আয়োজন বাংলাদেশের সাধারণ মানুষের সাথে মানসিক স্বাস্থ্যের একটি গুরুত্বপূর্ণ সেতুবন্ধন তৈরি করবে বলে আশা করছেন আয়োজকরা।




কনফারেন্সে যোগদানের জন্য রেজিস্ট্রেশন করতে এখানে ক্লিক করুন।


অ্যাবস্ট্রাক্ট বা পেপার, পোস্টার জমা দিতে এখানে ক্লিক করুন।

Source-
https://psychohealthbd.com/%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B2%E0%A6%BF%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%95%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%B2-%E0%A6%B8%E0%A6%BE%E0%A6%87%E0%A6%95%E0%A7%8B%E0%A6%B2%E0%A6%9C%E0%A6%BF-%E0%A6%B8%E0%A6%AE%E0%A7%8D/

# ‘৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সভা’, ২১ থেকে ২৪ সেপ্টেম্বর

By **Kawsar**

August 10, 2023



বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ কর্তৃক ২১শে সেপ্টেম্বর থেকে ২৪শে সেপ্টেম্বর, নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়-এ অনুষ্ঠিত হতে যাচ্ছে '৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সভা'। উক্ত সভার এবারের প্রতিপাদ্য বিষয় 'কমিউনিটি মেন্টাল হেলথ : অ্যা কি টু ব্রিজড মেন্টাল হেলথ গ্যাপ ইন বাংলাদেশ'। সভার জন্য রেজিস্ট্রেশনের নির্দিষ্ট সময়সীমা ১৫ সেপ্টেম্বর এবং অ্যাবস্ট্রাক্টস সাবমিশনের সময়সীমা ১৫ই আগস্ট। চারদিনব্যাপি এই সভার প্রথম ও শেষদিন বিভিন্ন বিষয়ের উপর মোট বারোটি ওয়ার্কশপের আয়োজনথাকবে।

মূল কনফারেন্স প্রোগ্রাম অনুষ্ঠিত হবে ২২ এবং ২৩ সেপ্টেম্বর, যেখানে বিভিন্ন বিষয়ের উপর সাইন্টিফিক সেশন এবং প্লেনারি অনুষ্ঠিত হবে। সাইন্টিফিক সেশন গুলোতে একই সাথে থাকবে সিম্পোজিয়াম, রিসার্চ পেপার প্রেজেন্টেশন এবং পোস্টার প্রেজেন্টেশন। প্লেনারি গুলোতে মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন বিশিষ্ট ব্যক্তিগণ।

আয়োজক'রা মনে করছেন এসব সভা-সেমিনার'গুলো বাংলাদেশের সাধারণ মানুষের সাথে মানসিক স্বাস্থ্যের একটি গুরুত্বপূর্ণ সেতুবন্ধন তৈরি করবে।

**Source:**https://monerkhabor.com/%E0%A7%AC%E0%A6%B7%E0%A7%8D%E0%A6%A0-%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%82%E0%A6%B2%E0%A6%BE%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B6%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B2%E0%A6%BF%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%95%E0%A7%8D%E0%A6%AF/

# ২২ সেপ্টেম্বর ২০২৩

# ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানের প্রকাশিত সংবাদসমূহ

**প্রথম আলো**

ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলন

## মানসিক স্বাস্থ্য সমস্যা বাড়ছে

**প্রতিবেদক,** *ঢাকা বিশ্ববিদ্যালয়*

প্রতিনিয়ত মানসিক স্বাস্থ্য সমস্যা বেড়ে চলেছে। দেশে ১৮ দশমিক ৭ শতাংশ প্রাপ্তবয়স্ক এবং ১২ দশমিক ৬ শতাংশ শিশু-কিশোর মানসিক সমস্যায় ভুগছে। এই স্বাস্থ্য সমস্যা দূর করতে হলে আমাদের এ-সম্পর্কিত কুসংস্কার দূর করতে হবে।

গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ষষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা এসব কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এই সম্মেলন শুরু হয়েছে। চলবে আগামী রোববার পর্যন্ত।

সম্মেলনের আয়োজন করেছে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ। এবারের প্রতিপাদ্য 'কমিউনিটিভিত্তিক মানসিক স্বাস্থ্য : বাংলাদেশে মানসিক স্বাস্থ্যসেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি'।

23/09/2023 ঢাকা সংস্করণ Pg 06

**কালের কণ্ঠ**

## মানসিক রোগের চিকিৎসা নেয় না ৯২ শতাংশ মানুষ

**নিজস্ব প্রতিবেদক ▷**

দেশের ৯২ শতাংশ মানুষ মানসিক রোগের কোনো চিকিৎসা গ্রহণ করে না বলে জানিয়েছেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির (বিসিপিএস) সাধারণ সম্পাদক শাহনুর হোসেন। তিনি কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্যসেবা প্রসারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছেন।

গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ষষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে মূল বক্তব্যে তিনি এ তথ্য জানান। বিসিপিএস ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ আয়োজিত সম্মেলনে তিনি আরো জানান, ১৮.৭ শতাংশ প্রাপ্তবয়স্ক এবং ১২.৬ শতাংশ শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত। প্রাপ্তবয়স্কদের মধ্যে ৬.৭ শতাংশ বিষণ্নতায় এবং ৪.৭ শতাংশ উদ্বেগজনিত সমস্যায় ভুগছে।

দেশের জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবাদানকারী পেশাজীবীদের অপ্রতুলতার বিষয়টি তুলে ধরে শাহনুর হোসেন বলেন, বাংলাদেশে মানসিক রোগের চিকিৎসা এবং এর প্রতিরোধে সবচেয়ে বড় বাধা হলো এ সম্পর্কে মানুষের মধ্যে বদ্ধমূল ভুল ধারণা। দেশে প্রায় এক হাজার মনোবিজ্ঞানী থাকলেও মানসিক স্বাস্থ্যসেবা প্রদানে পর্যাপ্ত নয়। পেশাদার হিসেবে মনোবিজ্ঞানী তৈরি হতে অনেক বছর সময় লেগে যায়। তাই কমিউনিটি পর্যায়ে কাজ করার জন্য প্রশিক্ষণ দিয়ে প্রশিক্ষিত পেশাজীবী তৈরির বিষয়টি তুলে ধরতে হবে।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আখতারুজ্জামান বলেন, শরীর ও মনের মধ্যে যে যোগসূত্র রয়েছে, তা একে অন্যের পরিপূরক। একটিকে বাদ দিয়ে আরেকটি ভাবা যায় না। শরীরে অসুখ হলে যেমন ওষুধ লাগে, তেমনি মনের অসুখ হলেও চিকিৎসা লাগে। দেশে মানসিক স্বাস্থ্যসেবায় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির গুরুত্বপূর্ণ ভূমিকার প্রশংসা করেন তিনি।

### কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্যসেবা প্রসারের আহ্বান

মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে 'কমিউনিটিভিত্তিক মানসিক স্বাস্থ্য : বাংলাদেশে মানসিক স্বাস্থ্যসেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি' প্রতিপাদ্য সামনে রেখে আয়োজিত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্বে করেন বিসিপিএসের সভাপতি প্রফেসর মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার। অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন স্বাস্থ্য অধিদপ্তরের লাইন ডিরেক্টর প্রফেসর ডা. মো. রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর মো. মাহবুব হাসান, ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির সাবেক প্রেসিডেন্ট গ্রাহাম পাওয়েল প্রমুখ।

সম্মেলনে মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন কর্মশালা, প্লেনারি সেশন ও সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়। পাশাপাশি কয়েকটি দেশি ও বিদেশি গবেষণাপত্র উপস্থাপিত হয়েছে।

**Source:** http://ekalerkantho.com/home/page/2023-09-23/15

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

# 'দেশের ৯২ শতাংশ লোক মানসিক চিকিৎসা গ্রহণ করে না'

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রকাশ : ২৩ সেপ্টেম্বর ২০২৩, ১২:৩০

https://www.ittefaq.com.bd/660521




বাংলাদেশের ১৮ দশমিক ৭ ভাগ প্রাপ্ত বয়স্ক এবং ১২ দশমিক ৬ ভাগ শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছেন। দেশের ৯২ ভাগ লোক মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করেন না। এই বিশাল জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে দেশে মানসিক স্বাস্থ্য পেশাজীবীর অপ্রতুলতা রয়েছে।

শুক্রবার (২২ সেপ্টেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য: বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি' শীর্ষক ৪-দিনের সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে মূল প্রবন্ধ

উপস্থাপনকালে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি'র সাধারণ সম্পাদক ড. মো. শাহানূর হোসেন এমন তথ্য তুলে ধরেন।

প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, মানসিক স্বাস্থ্য সুরক্ষার জন্য স্মার্ট ফোন, ডিজিটাল প্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ এবং মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধাসমূহ দূর করতে হবে। উপাচার্য মানসিক স্বাস্থ্য সেবা খাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহবান জানিয়ে বলেন, দেশের কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে তাদের প্রশিক্ষিত জনশক্তি হিসেবে গড়ে উঠতে হবে। তিনি বলেন, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানসিক স্বাস্থ্য সেবা খাতের পেশাজীবী সংকট নিরসন করা সম্ভব। দেশের কমিউনিটি ক্লিনিকসমূহও এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে বলে তিনি উল্লেখ করেন।

বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি'র সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য অধিদপ্তরের নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগামের লাইন ডিরেক্টর অধ্যাপক ডা. মো. রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির সাবেক সভাপতি ড. গ্রাহাম পাওয়েল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি'র সাধারণ সম্পাদক ড. মো. শাহানূর হোসেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারপার্সন মিসেস জোবেদা খাতুন।

**Source:**
https://www.ittefaq.com.bd/660521/%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B6%E0%A7%87%E0%A6%B0-%E0%A7%AF%E0%A7%A8-%E0%A6%B6%E0%A6%A4%E0%A6%BE%E0%A6%82%E0%A6%B6-%E0%A6%B2%E0%A7%8B%E0%A6%95-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BF%E0%A7%8E%E0%A6%B8%E0%A6%BE-%E0%A6%97%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%B9%E0%A6%A3-%E0%A6%95%E0%A6%B0%E0%A7%87-%E0%A6%A8%E0%A6%BE%C2%A0

দৈনিক ইনকিলাব
শুধু দেশ ও জনগণের পক্ষে
THE DAILY INQILAB

# দেশে ১৮ ভাগ প্রাপ্তবয়স্ক ও ১২ ভাগ শিশু-কিশোর মানসিক সমস্যায়

স্টাফ রিপোর্টার

২৩ সেপ্টেম্বর ২০২৩, ১২:০৩ এএম | আপডেট: ২৩ সেপ্টেম্বর ২০২৩, ১২:০৪ এএম

বাংলাদেশে মানিসক রোগের চিকিৎসা ও এর প্রতিরোধে সবচেয়ে বড় বাঁধা হল এর সম্পর্কে মানুষের মধ্যে বদ্ধমূল ধারণা। বিশেষত শরীর ও মনের মাঝে যে যোগসুত্র রয়েছে তা একে অন্যের পরিপুরক। একটিকে বাদ দিয়ে আরেকটি ভাবা যায় না। শরীরে অসুখ হলে যেমন ওষুধ লাগে তেমনি মনের অসুখ হলে এর চিকিৎসাও লাগে। গতকাল শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো. আখতারুজ্জামান এ কথা বলেন।

এ সময় তিনি গত ২৫ বছরে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অগ্রজাত্রায় সবাইকে অভিনন্দন জানানোর পাশাপাশি দেশে মানসিক স্বাস্থ্য সেবায় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে তার ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরিতে গুরুত্ব দেন। তাছাড়া তিনি প্রধানমন্ত্রীর অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগ কমিউনিটি স্বাস্থ্য সেবার কথা উল্লেখ করে মানসিক স্বাস্থ্য সেবাকে কমিউনিটি স্বাস্থ্য সেবায় যুক্ত করার উপর গুরুত্ব দেন পাশাপাশি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরির করে মানসিক স্বাস্থ্য সেবার যে চাহিদ আছে তা পুরনে সবার দৃষ্টি আকর্ষণ করেন।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সাধারণ সম্পাদক ড. শাহনুর হোসেন। তিনি বলেন, বাংলাদেশের জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট পরিচালিত ২০১৮-১৯ জরিপে দেখা গেছে বাংলাদেশের ৯২ শতাংশ মানুষ

মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না এবং ১৮ দশমিক ৭ শতাংশ প্রাপ্ত বয়স্ক এবং ১২ দশমিক ৬ শতাংশ শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত। প্রাপ্ত বয়স্কদের মধ্যে ৬ দশমিক ৭ শতাংশ বিসন্নতায় ও ৪ দশমিক ৭ শতাংশ উদ্বেগ জনিত সমস্যায় ভুগছেন। তিনি দেশের জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবাদানকারি পেশাজীবীদের অপ্রতুলতা বিষয়টি তুলে ধরে বলেন যে দেশে প্রায় ১০০০ মনোবিজ্ঞানী রয়েছে যা পর্যাপ্ত মানসিক স্বাস্থ্য সেবা প্রদানে পর্যাপ্ত নয়। পেশাদার হিসেবে মনোবিজ্ঞানী তৈরি হতে অনেক বছর সময় লেগে যায় তাই কমিউনিটি পর্যায়ে কাজ করার জন্য প্রশিক্ষণ দিয়ে প্রশিক্ষিত পেশাজীবী তৈরির বিষয়টি তুলে ধরেন । অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্বাস্থ্য অধিদফতরের নন কমুনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম-এর লাইন ডিরেক্টর প্রফেসর ডা. মো. রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. মো. মাহবুব হাসান, এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ড. গ্রাহাম পাওয়েল। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি প্রফেসর ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার বলেন, দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি এই প্রতিপাদ্যকে সামনে রেখে এ বছরের সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। তিনি আরও বলেন যে, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ শুধু শিক্ষক নয় গবেষক ও পেশাদার মানসিক স্বাস্থ্য সেবাদানকারী তৈরিতেও কাজ করে যাচ্ছে। তিনি মানসিক স্বাস্থ্য সেবা ও এর কার্যক্রমে বিশ্ববিদ্যালয়ের ভিসি সহায়তায় কথা তুলে ধরেন। #

**Source**: https://dailyinqilab.com/national/article/604566

নয়া দিগন্ত

• ২৩ সেপ্টেম্বর ২০২৩, ০০:০০

# মানসিক চিকিৎসায় সামাজিক বাধাগুলো দূর করতে হবে : ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভিসি অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করে বলেছেন, মানসিক স্বাস্থ্য সুরক্ষার জন্য স্মার্ট ফোন, ডিজিটাল প্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ এবং মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধাগুলো দূর করতে হবে। গতকাল শুক্রবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য: বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি' শীর্ষক চার-দিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ এবং বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যৌথভাবে এই সম্মেলন আয়োজন করেছে।
বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য অধিদফতরের নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রামের লাইন ডিরেক্টর অধ্যাপক ডা: মো: রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির সাবেক সভাপতি ড. গ্রাহাম পাওয়েল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির সাধারণ সম্পাদক ড. মো: শাহানূর হোসেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারপারসন মিসেস জোবেদা খাতুন। ভিসি অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্যসেবা খাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশের কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে তাদের প্রশিক্ষিত জনশক্তি হিসেবে গড়ে উঠতে হবে। তিনি বলেন, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানসিক স্বাস্থ্যসেবা খাতের পেশাজীবী সঙ্কট নিরসন করা সম্ভব। দেশের কমিউনিটি ক্লিনিকগুলোও এ ক্ষেত্রে ভূমিকা রাখতে পারে বলে তিনি উল্লেখ করেন। উপাচার্য বলেন, মানসিক চাপ ও বিষণœতা নিয়ন্ত্রণে সবাইকে দক্ষতা অর্জন করতে হবে। অবহেলিত,

বঞ্চিত ও হতাশাগ্রস্ত মানুষকে সমাজ ও কর্মের মধ্যে সম্পৃক্ত করতে হবে। মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সামাজিক দায়বদ্ধতা বৃদ্ধি করার ওপরও তিনি গুরুত্বারোপ করেন।

মূল প্রবন্ধে জানানো হয়, বাংলাদেশের ১৮ দশমিক সাত ভাগ প্রাপ্ত বয়স্ক এবং ১২ দশমিক ছয় ভাগ শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে। দেশের ৯২ ভাগ লোক মানসিক রোগের কোনো চিকিৎসা গ্রহণ করে না। এই বিশাল জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে দেশে মানসিক স্বাস্থ্য পেশাজীবীর অপ্রতুলতা রয়েছে। বিজ্ঞপ্তি।

**Source:**
https://www.dailynayadiganta.com/city/779234/%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BF%E0%A7%8E%E0%A6%B8%E0%A6%BE%E0%A7%9F-%E0%A6%B8%E0%A6%BE%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%9C%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%A7%E0%A6%BE%E0%A6%97%E0%A7%81%E0%A6%B2%E0%A7%8B-%E0%A6%A6%E0%A7%82%E0%A6%B0-%E0%A6%95%E0%A6%B0%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87-%E0%A6%AD%E0%A6%BF%E0%A6%B8%E0%A6%BF

BANGLA NEWS 24.com

# মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধা দূর করতে হবে: ঢাবি উপাচার্য

ইউনিভার্সিটি করেসপন্ডেন্ট । বাংলানিউজটোয়েন্টিফোর.কম
আপডেট: ০৯১৫ ঘন্টা, সেপ্টেম্বর ২৩, ২০২৩




**ঢাকা বিশ্ববিদ্যালয়:** ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করে বলেছেন, মানসিক স্বাস্থ্য সুরক্ষার জন্য স্মার্ট ফোন, ডিজিটাল প্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ এবং মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধাগুলো দূর করতে হবে।

শুক্রবার (২২ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য: বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি' শীর্ষক চার দিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ এবং বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করে।

বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদারের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রামের লাইন ডিরেক্টর অধ্যাপক ডা. মো. রোবেন আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির সাবেক সভাপতি ড. গ্রাহাম পাওয়েল। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির সাধারণ সম্পাদক ড. মো. শাহানূর হোসেন।

সম্মেলনে স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারপারসন মিসেস জোবেদা খাতুন।

উপাচার্য আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্যসেবা খাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশের কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে তাদের প্রশিক্ষিত জনশক্তি হিসেবে গড়ে উঠতে হবে।

তিনি বলেন, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়ার মাধ্যমে মানসিক স্বাস্থ্যসেবা খাতের পেশাজীবী সংকট নিরসন করা সম্ভব। দেশের কমিউনিটি ক্লিনিকগুলোও এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে। মানসিক চাপ ও বিষণ্নতা নিয়ন্ত্রণে সবাইকে দক্ষতা অর্জন করতে হবে। অবহেলিত, বঞ্চিত ও হতাশাগ্রস্ত মানুষকে সমাজ ও কর্মের মধ্যে সম্পৃক্ত করতে হবে। মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সামাজিক দায়বদ্ধতা বাড়ানোর ওপরও তিনি গুরুত্বারোপ করেন।

মূল প্রবন্ধে জানানো হয়, দেশের ১৮ দশমিক ৭ শতাংশ প্রাপ্ত বয়স্ক এবং ১২ দশমিক ৬ শতাংশ শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে। দেশের ৯২ ভাগ লোক মানসিক রোগের কোনো চিকিৎসা গ্রহণ করে না। এ বিশাল জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে দেশে মানসিক স্বাস্থ্য পেশাজীবীর অপ্রতুলতা রয়েছে।

বাংলাদেশ সময়: ০৯১৪ ঘণ্টা, সেপ্টেম্বর ২৩, ২০২৩
*এসকেবি/আরআইএস*

**Source:** *https://www.banglanews24.com/education/news/bd/1193539.details*

The Bangladesh Today

# 4-day BD Clinical Psychology confce begins at DU

The Bangladesh
Today

Publish: 9:58 AM, September 24, 2023 | Update: 9:58 AM, September 24, 2023
S




The 4-day 6th Bangladesh Clinical Psychology conference begins at Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban, University of Dhaka on Saturday. The Department of Clinical Psychology of Dhaka University and Bangladesh Clinical Psychology Society jointly organized this conference.

Dhaka University VC Prof. Dr. Md. Akhtaruzzaman was present as a chief guest. The conference theme was ‘Community-Based Mental Health: The Key to Bridging the Mental Health Service Gap in Bangladesh’. The program was presided over by Dr. Muhammad Kamruzzaman Mazumdar, President of the Bangladesh Clinical Psychology Society (BCPS), a press release said.

In the speech of the chief guest, the Dhaka University VC said that the biggest obstacle to the treatment and prevention of mental illness in Bangladesh is people’s misconceptions about it. Preventing the misuse of smart phones, digital technologies and social media for mental health protection and removing social barriers to mental health treatment.

‘The connection between body and mind is complementary to each other. One cannot be thought of without the other. If there is a disease in the body, medicine is needed, and if there is a disease in the mind, it also needs treatment’, he told.

He congratulated everyone on the advancement of the Bangladesh Clinical Psychology Department in the last 25 years. Also, he praised the important role played by the Clinical Psychology Department and Clinical Psychology Society in mental health services in the country. He emphasized producing trained psychologists.
General Secretary of the Bangladesh Clinical Psychology Society (BCPS), Dr. Shahnur Hossain presented the keynote speech of the program. Dr. Shahnur Hossain said that the theme emphasizes the provision of mental health services at the community level in the country with the aim of creating more awareness about mental health among people.

‘The 2018-19 survey conducted by the National Institute of Mental Health of Bangladesh showed that 92% of people in Bangladesh do not receive any treatment for mental illness and 18.7% of adults and 12.6% of children and adolescents suffer from mental health problems. 6.7% of adults suffer from depression and 4.7% from anxiety disorders’, he add.

He also highlighted the inadequacy of mental health care professionals needed to ensure mental health services to the country’s population, saying that there are about 1,000 psychologists in the country which is not enough to provide adequate mental health care. It takes many years to develop a psychologist as a professional, so he highlighted the issue of creating trained professionals with training to work at the community level.
Dr. Md. Robed Amin, Line Director of the Non-Communicable Disease Control Program of the Department of Health, Prof. Dr. Md. Mahbub Hasan, Dean of the Faculty of Biology, Dhaka University, and Dr. Graham Powell, former president of the British Psychological Society were present special guest.

**Source:** https://thebangladeshtoday.com/?p=57399

The New Nation Independent Daily

# 4-day BD Clinical Psychology confce begins at DU

News Desk

The 4-day 6th Bangladesh Clinical Psychology conference begins at Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban, University of Dhaka on Saturday. The Department of Clinical Psychology of Dhaka University and Bangladesh Clinical Psychology Society jointly organized this conference, sayas a press release.

Dhaka University VC Prof. Dr. Md. Akhtaruzzaman was present as a chief guest. The conference theme was 'Community-Based Mental Health: The Key to Bridging the Mental Health Service Gap in Bangladesh'. The program was presided over by Dr. Muhammad Kamruzzaman Mazumdar, President of the Bangladesh Clinical Psychology Society (BCPS), a press release said.

In the speech of the chief guest, the Dhaka University VC said that the biggest obstacle to the treatment and prevention of mental illness in Bangladesh is people's misconceptions about it. Preventing the misuse of smart phones, digital technologies and social media for mental health protection and removing social barriers to mental health treatment.

'The connection between body and mind is complementary to each other. One cannot be thought of without the other.

**Source**: https://ep.thedailynewnation.com/2023/09/24/

The Statement24

# Expansion of mental health services at the community level is the need of the hour: DU Vice-Chancellor

*September 22, 2023 by News Desk*




"The biggest obstacle to the treatment and prevention of mental illness in Bangladesh is people's misconceptions about it." Today, in the opening ceremony of the 6th Bangladesh Clinical Psychology Conference at the Senate Building of Dhaka University, the Vice-Chancellor of Dhaka University, Prof. Dr. Md. Akhtaruzzaman said this. He also said – the connection between body and mind is complementary to each other. One cannot be thought of without the other. If there is a disease in the body, medicine is needed, and if there is a disease in the mind, it also needs treatment. He congratulated everyone on the advancement of the Bangladesh Clinical Psychology Department in the last 25 years. Also, he praised the important role played by the Clinical Psychology Department and Clinical Psychology Society in mental health services in the country. He emphasized producing trained psychologists. Moreover, he mentioned the very important initiative of the Honorable Prime Minister, Community Health Services, and emphasized on adding mental health services to community health services, as well as drawing the attention of everyone to meet the demand for mental health services by creating trained psychologists.

On 22 September 2023 inaugurated 6th Bangladesh Clinical Psychology Conference at the Senate Building of the University of Dhaka. The conference theme is "Community-Based Mental Health: The Key to Bridging the Mental Health Service Gap in Bangladesh".

General Secretary of the Bangladesh Clinical Psychology Society (BCPS), Dr. Shahnur Hossain presented the keynote speech of the program. He said the theme emphasizes the provision of mental health services at the community level in the country with the aim of creating more awareness about mental health among people. He said – The 2018-19 survey conducted by the National Institute of Mental Health of Bangladesh showed that 92% of people in Bangladesh do not receive any treatment for mental illness and 18.7% of adults and 12.6% of children and adolescents suffer from mental health problems. 6.7% of adults suffer from depression and 4.7% from anxiety disorders. He highlighted the inadequacy of mental health care professionals needed to ensure mental health services to the country's population, saying that there are about 1,000 psychologists in the country which is not enough to provide adequate mental health care. It takes many years to develop a psychologist as a professional, so he highlighted the issue of creating trained professionals with training to work at the community level.

In the inauguration program as Special guests were Dr. Md. Robed Amin, Line Director of the Non-Communicable Disease Control Program of the Department of Health, Prof. Dr. Md. Mahbub Hasan, Dean of the Faculty of Biology, Dhaka University, and Dr. Graham Powell, former president of the British Psychological Society. The program was presided over by Dr. Muhammad Kamruzzaman Mazumdar, President of the Bangladesh Clinical Psychology Society (BCPS).

In the speech of the special guest, Professor Dr. Md. Mahbub Hasan, Dean of the Faculty of Biology of Dhaka University, said that mental problems are related to human heredity. Many brain chemicals play a role in our thinking and emotional problems. The state of mind affects the body and they are associated with food. Therefore, he called on people to take mental health services as he should not give importance to the diseases of the body only excluding the mind.

Former President of the British Psychological Society, Dr. Graham Powell, as a special guest speaker, felt proud to be part of the long journey of the Department of Clinical Psychology in Bangladesh and felt that there is a huge scope for work at the community level in mental health services in Bangladesh.

President of Bangladesh Clinical Psychology Society (BCPS) Prof. Dr. Muhammad Kamruzzaman Majumder said in the presidential speech that this year's conference is being held with the theme "Community Based Mental Health: The Key to Bridging the

Gap in Mental Health Services in Bangladesh" with the aim of increasing awareness about mental health among people and emphasizing the importance of providing mental health services at the community level in the country. He also said that the Department of Clinical Psychology is working to produce teachers, researchers, and professional mental health providers. He spoke about the support of the Honorable Vice Chancellor of the University in mental health services and its activities. He emphasized increasing the government's cooperation in getting mental health services among common people by reducing the cost of mental health services in the country.

It is noted that various workshops, plenary sessions, and symposiums on mental health are being held on the occasion of the celebration of the conference. Besides, several domestic and foreign research papers are being presented. The conference is jointly organized by the Bangladesh Clinical Psychology Society and Dhaka University Clinical Psychology Department.

With the aim of increasing mental health awareness, the Department of Clinical Psychology of University of Dhaka and the Bangladesh Clinical Psychology Society have been working continuously since 1997 to raise awareness about mental health and also to raise awareness among people about mental health and to present various research information on this topic to the people of Bangladesh since 2006 the Clinical Psychology Society has been organizing conferences on mental health.

**Source:** https://thestatement24.com/expansion-of-mental-health/

# Expansion of mental health services at the community level is the need of the hour: DU Vice-Chancellor

সেপ্টেম্বর ২২, ২০২৩




"The biggest obstacle to the treatment and prevention of mental illness in Bangladesh is people's misconceptions about it." Today, in the opening ceremony of the 6th Bangladesh Clinical Psychology Conference at the Senate Building of Dhaka University, the Vice-Chancellor of Dhaka University, Prof. Dr. Md. Akhtaruzzaman said this.  He also said – the connection between body and mind is complementary to each other.  One cannot be thought of without the other.  If there is a disease in the body, medicine is needed, and if there is a disease in the mind, it also needs treatment.  He congratulated everyone on the advancement of the Bangladesh Clinical Psychology Department in the last 25 years. Also, he praised the important role played by the Clinical Psychology Department and Clinical Psychology Society in mental health services in the country.  He emphasized producing trained psychologists.  Moreover, he mentioned the very important initiative of the Honorable Prime Minister, Community Health Services, and emphasized on adding mental health services to community health services, as well as drawing the attention of everyone to meet the demand for mental health services by creating trained psychologists.

On 22 September 2023 inaugurated 6th Bangladesh Clinical Psychology Conference at the Senate Building of the University of Dhaka. The conference theme is “Community-Based Mental Health: The Key to Bridging the Mental Health Service Gap in Bangladesh”.

General Secretary of the Bangladesh Clinical Psychology Society (BCPS), Dr. Shahnur Hossain presented the keynote speech of the program. He said the theme emphasizes the provision of mental health services at the community level in the country with the aim of creating more awareness about mental health among people. He said – The 2018-19 survey conducted by the National Institute of Mental Health of Bangladesh showed that 92% of people in Bangladesh do not receive any treatment for mental illness and 18.7% of adults and 12.6% of children and adolescents suffer from mental health problems. 6.7% of adults suffer from depression and 4.7% from anxiety disorders. He highlighted the inadequacy of mental health care professionals needed to ensure mental health services to the country’s population, saying that there are about 1,000 psychologists in the country which is not enough to provide adequate mental health care. It takes many years to develop a psychologist as a professional, so he highlighted the issue of creating trained professionals with training to work at the community level.

In the inauguration program as Special guests were Dr. Md. Robed Amin, Line Director of the Non-Communicable Disease Control Program of the Department of Health, Prof. Dr. Md. Mahbub Hasan, Dean of the Faculty of Biology, Dhaka University, and Dr. Graham Powell, former president of the British Psychological Society. The program was presided over by Dr. Muhammad Kamruzzaman Mazumdar, President of the Bangladesh Clinical Psychology Society (BCPS).

In the speech of the special guest, Professor Dr. Md. Mahbub Hasan, Dean of the Faculty of Biology of Dhaka University, said that mental problems are related to human heredity. Many brain chemicals play a role in our thinking and emotional problems. The state of mind affects the body and they are associated with food. Therefore, he called on people to take mental health services as he should not give importance to the diseases of the body only excluding the mind.

Former President of the British Psychological Society, Dr. Graham Powell, as a special guest speaker, felt proud to be part of the long journey of the Department of Clinical Psychology in Bangladesh and felt that there is a huge scope for work at the community level in mental health services in Bangladesh.

President of Bangladesh Clinical Psychology Society (BCPS) Prof. Dr. Muhammad Kamruzzaman Majumder said in the presidential speech that this year's conference is being held with the theme "Community Based Mental Health: The Key to Bridging the Gap in Mental Health Services in Bangladesh" with the aim of increasing awareness about mental health among people and emphasizing the importance of providing mental health services at the community level in the country. He also said that the Department of Clinical Psychology is working to produce teachers, researchers, and professional mental health providers. He spoke about the support of the Honorable Vice Chancellor of the University in mental health services and its activities. He emphasized increasing the government's cooperation in getting mental health services among common people by reducing the cost of mental health services in the country.

It is noted that various workshops, plenary sessions, and symposiums on mental health are being held on the occasion of the celebration of the conference. Besides, several domestic and foreign research papers are being presented. The conference is jointly organized by the Bangladesh Clinical Psychology Society and Dhaka University Clinical Psychology Department.

With the aim of increasing mental health awareness, the Department of Clinical Psychology of University of Dhaka and the Bangladesh Clinical Psychology Society have been working continuously since 1997 to raise awareness about mental health and also to raise awareness among people about mental health and to present various research information on this topic to the people of Bangladesh since 2006 the Clinical Psychology Society has been organizing conferences on mental health.

**Source:** https://digibanglatech.news/english/bangladesh-english/112342/?swcfpc=1

bd Metro News
A national online daily

# কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবার প্রসারের আহবান ঢাবি উপাচার্যের

হেলথ বিডিমেট্রোনিউজ · প্রকাশ: সেপ্টেম্বর ২২, ২০২৩ - ৭:৪৫ অপরাহ্ণ




"বাংলাদেশে মানিসক রোগের চিকিৎসা ও এর প্রতিরোধে সবচেয়ে বড় বাধা হল এর সম্পর্কে মানুষের মধ্যে বদ্ধমুল ধারণা। বিশেষত শরীর ও মনের মাঝে যে যোগসুত্র রয়েছে তা একে অন্যের পরিপুরক। একটিকে বাদ দিয়ে আরেকটি ভাবা যায় না। শরীরে অসুখ হলে যেমন ওষুধ লাগে তেমনি মনের অসুখ হলে এর চিকিৎসাও লাগে"-

শুক্রবার (২২ সেপ্টেম্বর) সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. আখতারুজ্জামান এ কথা বলেন।

এ সময় তিনি গত ২৫ বছরে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অগ্রজাত্রায় সবাইকে অভিনন্দন জানানোর পাশাপাশি দেশে মানসিক স্বাস্থ্য সেবায় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে তার ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরিতে গুরুত্ব দেন। তাছাড়া তিনি প্রধানমন্ত্রীর অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগ কমিউনিটি স্বাস্থ্য সেবার কথা উল্লেখ করে মানসিক স্বাস্থ্য সেবাকে কমিউনিটি স্বাস্থ্য সেবায় যুক্ত করার

উপর গুরুত্ব দেন পাশাপাশি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরির করে মানসিক স্বাস্থ্য সেবার যে চাহিদ আছে তা পুরনে সবার দৃষ্টি আকর্ষণ করেন।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সাধারণ সম্পাদক ড. শাহনুর হোসেন। তিনি বলেন, বাংলাদেশের জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট পরিচালিত ২০১৮-১৯ জরিপে দেখা গেছে বাংলাদেশের ৯২% মানুষ মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না এবং ১৮.৭% প্রাপ্ত বয়স্ক এবং ১২.৬% শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত । প্রাপ্ত বয়স্কদের মধ্যে ৬.৭% বিসন্নতায় ও ৪.৭% উদ্বেগ জনিত সমস্যায় ভুগছেন।

তিনি দেশের জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবাদানকারি পেশাজীবীদের অপ্রতুলতা বিষয়টি তুলে ধরে বলেন যে দেশে প্রায় ১০০০ মনোবিজ্ঞানী রয়েছে  যা পর্যাপ্ত মানসিক স্বাস্থ্য সেবা প্রদানে পর্যাপ্ত নয়। পেশাদার হিসেবে মনোবিজ্ঞানী তৈরি হতে অনেক বছর সময় লেগে যায় তাই কমিউনিটি পর্যায়ে কাজ করার জন্য প্রশিক্ষণ দিয়ে প্রশিক্ষিত পেশাজীবী তৈরির বিষয়টি তুলে ধরেন ।




“কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য : বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি”  এই প্রতিপাদ্যকে সামনে রেখে শুক্রবার সকাল ৯টা ৩০ মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের নন কমুনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম-এর লাইন ডিরেক্টর প্রফেসর ডা. মো. রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. মো. মাহবুব হাসান, ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ড. গ্রাহাম পাওয়েল। সভাপতিত্ব করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. মো. মাহবুব হাসান বলেন- মানুষের বংশগতির সাথে মানসিক সমস্যার সম্পর্ক রয়েছে। মস্তিস্কের অনেক কেমিক্যাল আমাদের চিন্তা ও মানসিক সমস্যায় ভুমিকা পালন করে। মনের অবস্থা শরীরে প্রভাব ফেলে এরা একে অন্নের সাথে যুক্ত। তাই  মনকে বাদ দিয়ে শুধু শরীরের রোগকে গুরুত্ব দিলে চলবে না বলে তিনি মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে মানুষকে আহবান জানান।

বিশেষ অতিথি ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ড. গ্রাহাম পাওয়েল বাংলাদেশে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের সুদীর্ঘ যাত্রায় থাকতে পেরে গর্বিত বোধ করেন এবং বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবায় কমিউনিটি পর্যায়ে কাজের ব্যাপক সুযোগ রয়েছে বলে তিনি মনে করেন।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি প্রফেসর ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার বলেন, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ শুধু শিক্ষক নয় গবেষক ও পেশাদার মানসিক স্বাস্থ্য সেবাদানকারী  তৈরিতেও কাজ করে যাচ্ছে। তিনি মানসিক স্বাস্থ্য সেবা ও এর কার্যক্রমে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের সহায়তার কথা তুলে ধরেন।

উল্লেখ্য, এই সম্মেলন উদযাপন উপলক্ষে মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন কর্মশালা, প্লেনারি সেশন, সিম্পোজিয়াম অনুষ্ঠিত হচ্ছে। পাশাপাশি বেশ কিছু দেশি বিদেশি গবেষণাপত্র উপস্থাপিত হচ্ছে। সম্মেলনটি যৌথভাবে আয়োজন করছে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ।

প্রসঙ্গত, মানসিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ১৯৯৭ সাল থেকে ধারাবাহিকভাবে মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতার লক্ষে কাজ করে যাচ্ছে পাশাপাশি মানসিক স্বাস্থ্য বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা ও এই বিষয়ে বিভিন্ন গবেষণা তথ্য দেশের মানুষের কাছে তুলে ধরার জন্য ২০০৬ সাল থেকে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি মানসিক স্বাস্থ্য বিষয়ে সম্মেলন অনুষ্ঠান আয়োজন করে আসছে।

**Source:** https://bdmetronews24.com/archives/90370

# কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবার প্রসারের আহবান ঢাবি উপাচার্যের

- রেজাউর রহমান রিজভী

২০২৩-০৯-২২ ২৩:২১:৪৮




“বাংলাদেশে মানিসক রোগের চিকিৎসা ও এর প্রতিরোধে সবচেয়ে বড় বাঁধা হল এর সম্পর্কে মানুষের মধ্যে বদ্ধমুল ধারণা। বিশেষত শরীর ও মনের মাঝে যে যোগসুত্র রয়েছে তা একে অন্যের পরিপুরক। একটিকে বাদ দিয়ে আরেকটি ভাবা যায় না। শরীরে অসুখ হলে যেমন ওষুধ লাগে তেমনি মনের অসুখ হলে এর চিকিৎসাও লাগে"- ‘ ২২ সেপ্টেম্বর শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ মোঃ আখতারুজ্জামান এ কথা বলেন।

এ সময় তিনি গত ২৫ বছরে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অগ্রজাত্রায় সবাইকে অভিনন্দন জানানোর পাশাপাশি দেশে মানসিক স্বাস্থ্য সেবায় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে তার ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরিতে গুরুত্ব দেন। তাছাড়া তিনি প্রধানমন্ত্রীর অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগ কমিউনিটি স্বাস্থ্য সেবার কথা উল্লেখ করে মানসিক স্বাস্থ্য সেবাকে কমিউনিটি স্বাস্থ্য সেবায় যুক্ত করার উপর গুরুত্ব দেন পাশাপাশি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরির করে মানসিক স্বাস্থ্য সেবার যে

চাহিদ আছে তা পুরনে সবার দৃষ্টি আকর্ষণ করেন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সাধারণ সম্পাদক ডঃ শাহনুর হোসেন। তিনি বলেন, বাংলাদেশের জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট পরিচালিত ২০১৮-১৯ জরিপে দেখা গেছে বাংলাদেশের ৯২% মানুষ মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না এবং ১৮.৭% প্রাপ্ত বয়স্ক এবং ১২.৬% শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত । প্রাপ্ত বয়স্কদের মধ্যে ৬.৭% বিসন্নতায় ও ৪.৭% উদ্বেগ জনিত সমস্যায় ভুগছেন। তিনি দেশের জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবাদানকারি পেশাজীবীদের অপ্রতুলতা বিষয়টি তুলে ধরে বলেন যে দেশে প্রায় ১০০০ মনোবিজ্ঞানী রয়েছে যা পর্যাপ্ত মানসিক স্বাস্থ্য সেবা প্রদানে পর্যাপ্ত নয়। পেশাদার হিসেবে মনোবিজ্ঞানী তৈরি হতে অনেক বছর সময় লেগে যায় তাই কমিউনিটি পর্যায়ে কাজ করার জন্য প্রশিক্ষণ দিয়ে প্রশিক্ষিত পেশাজীবী তৈরির বিষয়টি তুলে ধরেন । দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব আরোপ করে ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে "কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে ২২ সেপ্টেম্বর সকাল ৯টা ৩০ মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের নন কমুনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম-এর লাইন ডিরেক্টর প্রফেসর ডাঃ মোঃ রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ মোঃ মাহবুব হাসান, এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ডঃ গ্রাহাম পাওয়েল। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি ডঃ মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ মোঃ মাহবুব হাসান বলেন- মানুষের বংশগতির সাথে মানসিক সমস্যার সম্পর্ক রয়েছে। মস্তিস্কের অনেক কেমিক্যাল আমাদের চিন্তা ও মানসিক সমস্যায় ভুমিকা পালন করে। মনের অবস্থা শরীরে প্রভাব ফেলে এরা একে অন্নের সাথে যুক্ত। তাই মনকে বাদ দিয়ে শুধু শরীরের রোগকে গুরুত্ব

দিলে চলবে না বলে তিনি মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে মানুষকে আহবান জানান। বিশেষ অতিথি ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ডঃ গ্রাহাম পাওয়েল বাংলাদেশে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের সুদীর্ঘ যাত্রায় থাকতে পেরে গর্বিত বোধ করেন এবং বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবায় কমিউনিটি পর্যায়ে কাজের ব্যাপক সুযোগ রয়েছে বলে তিনি মনে করেন।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি প্রফেসর ডঃ মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার বলেন, দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে "কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে এ বছরের সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। তিনি আরও বলেন যে, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ শুধু শিক্ষক নয় গবেষক ও পেশাদার মানসিক স্বাস্থ্য সেবাদানকারী তৈরিতেও কাজ করে যাচ্ছে। তিনি মানসিক স্বাস্থ্য সেবা ও এর কার্যক্রমে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের সহায়তায় কথা তুলে ধরেন। দেশে মানসিক স্বাস্থ্য সেবার খরচ কমিয়ে সাধারণ মানুষের মধ্যে মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে সরকারের সহযোগিতা বাড়ানোর বিষয়ে গুরুরত্ত আরোপ করেন। উল্লেখ্য এই সম্মেলন উদযাপন উপলক্ষে মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন কর্মশালা, প্লেনারি সেশন, সিম্পোজিয়াম অনুষ্ঠিত হচ্ছে। পাশাপাশি বেশ কিছু দেশি বিদেশি গবেষণাপত্র উপস্থাপিত হচ্ছে। সম্মেলনটি যৌথ ভাবে আয়োজন করছে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ। প্রসঙ্গত, মানসিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ১৯৯৭ সাল থেকে ধারাবাহিকভাবে মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতার লক্ষে কাজ করে যাচ্ছে পাশাপাশি মানসিক স্বাস্থ্য বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা ও এই বিষয়ে বিভিন্ন গবেষণা তথ্য দেশের মানুষের কাছে তুলে ধরার জন্য ২০০৬ সাল থেকে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি মানসিক স্বাস্থ্য বিষয়ে সম্মেলন অনুষ্ঠান আয়োজন করে আসছে।

Source: https://sokaler-alo.com/main/article/2427

বাঙলা প্রতিদিন
BANGLA PRATIDIN

# কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবার প্রসার সময়ের দাবি

বাঙলা প্রতিদিন২৪.কম

সেপ্টেম্বর ২২, ২০২৩ ৯:৩৮ অপরাহ্ণ




**বাঙলা প্রতিদিন ডেস্ক :** "বাংলাদেশে মানিসক রোগের চিকিৎসা ও এর প্রতিরোধে সবচেয়ে বড় বাঁধা হল এর সম্পর্কে মানুষের মধ্যে বদ্ধমুল ধারণা।' আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ মোঃ আখতারুজ্জামান এ কথা বলেন।তিনি আরও বলেন – শরীর ও মনের মাঝে যে যোগসুত্র রয়েছে তা একে অন্যের পরিপুরক। একটিকে বাদ দিয়ে আরেকটি ভাবা যায় না। শরীরে অসুখ হলে যেমন ওষুধ লাগে তেমনি মনের অসুখ হলে এর চিকিৎসাও লাগে।

গত ২৫ বছরে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অগ্রজাত্রায় তিনি সবাইকে অভিনন্দন জানান পাশাপাশি দেশে মানসিক স্বাস্থ্য সেবায় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে তার ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরিতে গুরুত্ব দেন। তাছাড়া তিনি মাননীয় প্রধানমন্ত্রীর অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগ কমিউনিটি স্বাস্থ্য সেবার কথা উল্লেখ করে মানসিক স্বাস্থ্য সেবাকে কমিউনিটি স্বাস্থ্য সেবায় যুক্ত করার উপর গুরুত্ব দেন পাশাপাশি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরির করে মানসিক স্বাস্থ্য সেবার যে চাহিদ আছে তা পুরনে সবার দৃষ্টি আকর্ষণ করেন।

অনুষ্ঠানের মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সাধারন সম্পাদক ডঃ শাহনুর হোসেন। তিনি বলেন- বাংলাদেশের জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট পরিচালিত ২০১৮-১৯ জরিপে দেখা গেছে বাংলাদেশের ৯২% মানুষ মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না এবং ১৮.৭% প্রাপ্ত বয়স্ক এবং ১২.৬% শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত। প্রাপ্ত বয়স্কদের মধ্যে ৬.৭% বিসন্নতায় ও ৪.৭% উদ্বেগ জনিত সমস্যায় ভুগছেন।

উপাচার্য মানসিক স্বাস্থ্য সেবা খাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহবান জানিয়ে বলেন, দেশের কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে তাদের প্রশিক্ষিত জনশক্তি হিসেবে গড়ে উঠতে হবে। তিনি বলেন, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানসিক স্বাস্থ্য সেবা খাতের পেশাজীবী সংকট নিরসন করা সম্ভব।

দেশের কমিউনিটি ক্লিনিকসমূহও এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে বলে তিনি উল্লেখ করেন। উপাচার্য বলেন, মানসিক চাপ ও বিষণ্নতা নিয়ন্ত্রণে সকলকে দক্ষতা অর্জন করতে হবে। অবহেলিত, বঞ্চিত ও হতাশাগ্রস্ত মানুষকে সমাজ ও কর্মের মধ্যে সম্পৃক্ত করতে হবে। মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সামাজিক দায়বদ্ধতা বৃদ্ধি করার উপরও তিনি গুরুত্বারোপ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ এবং বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যৌথভাবে এই সম্মেলন আয়োজন করেছে।

বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য অধিদপ্তরের নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগামের লাইন ডিরেক্টর অধ্যাপক ডা. মো. রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির সাবেক সভাপতি ড. গ্রাহাম পাওয়েল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারপার্সন মিসেস জোবেদা খাতুন।

Source: [https://www.deshrupantor.com/national/2023/09/22/455240/](https://www.deshrupantor.com/national/2023/09/22/455240/)

সত্যের নতুন সারথি
নয়া শতাব্দী

# ঢাবিতে ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলন

সংবাদাদাতা

প্রকাশনার সময়: ২২ সেপ্টেম্বর ২০২৩, ১৫:৫৪ | আপডেট: ২২ সেপ্টেম্বর ২০২৩, ১৭:৩৯




কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবার উপর গুরুত্ব আরোপ করে মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে '৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলন' এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২২ সেপ্টেম্বর) সকালে 'কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য বাংলাদেশে মানসিক স্বাস্থ্যসেবার ব্যাবধান কমিয়ে আনার চাবিকাঠি' এই প্রতিপাদ্যকে সামনে রেখে যৌথভাবে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ এ আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড .মো. আখতারুজ্জামান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের নন কমুনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম-এর লাইন ডিরেক্টর অধ্যাপক ডা. মো.রোবেত আমিন,ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক ড. মো. মাহবুব হাসান, সানজিদা ফাউন্ডেশনের সিইও জাহিদা ফিজা কবির এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রসিডেন্ট ড. গ্রাহাম পাওয়েল। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি এর সাধারণ সম্পাদক ড. শাহনূর হোসেন।

অনুষ্ঠানটি উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, আজকের এই সম্মেলনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ সাম্প্রতিক সময়ে মানসিক স্বাস্থ্য বিষয়ক নানা সমস্যা লক্ষ্য করা যাচ্ছে। আমাদের স্বাস্থ্য শারীরিক এবং মানসিক এই দুইয়ের সমন্বয়েই গড়ে উঠে। সুতরাং মানসিক স্বাস্থ্যকে বাদ দিয়ে আমরা কখনোই সুস্থ্য থাকতে পারবো না। মানসিক সমস্যা কোনো অপরাধ নয়,এটি কোনো ধরণের পাগলামোও নয়, বরং এটি এক ধরনের চিকিৎসার বিষয়, অথচ এখনো এটি নিয়ে অনেক কুসংস্কার রয়েছে আমাদের সমাজে। সুতরাং এই মানসিক স্বাস্থ্য সমস্যা দূর করতে হলে আমাদেরকে এই বিষয় সম্পর্কিত কুসংস্কার দূর করতে হবে।

উপাচার্য কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবার গুরুত্ব উল্লেখ করে বলেন, আমাদের রোগী ও চিকিৎসকের মধ্যে যে একধরণের ব্যবধান রয়েছে তা দূর করতে আমাদেরকে কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবার উপর জোর দিতে হবে।কারণ যে পরিমাণ চিকিৎসক রয়েছে তাদেকে যদি ট্রেনিংয়ের আওতায় আনা যায় তাহলে চিকিৎসকরা যথাযথভাবে চিকিৎসা প্রদান করতে পারবে। এসময় তিনি শিক্ষার্থীদেরকে স্মার্ট ফোন ও সামাজিক যোগাযোগ মাধ্যমের সঠিক ব্যাবহারের বিষয়ে গুরুত্ব দিতে বলেন, এসবের অতিরিক্ত ব্যাবহারে মানসিক স্বাস্থ্যহানী হয় বলে তিনি মনে করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি ড. মো. কামরুজ্জামান মজুমদার। তিনি বলেন, বাংলাদেশে প্রতিনিয়তই মানসিক স্বাস্থ্য সমস্যা বেড়েই চলেছে। দেশে ১৮.৭% প্রাপ্ত বয়স্ক এবং ১২.৬% শিশুকিশোর মানসিক সমস্যায় ভুগছে। অথচ এদের খুব কম সংখ্যক মানুষই মানসিক স্বাস্থ্য সেবা গ্রুহণ করছে। ৯২% মানুষই তা গ্রহন করছে না। মানসিক স্বাস্থ্য সমস্যা প্রতিনিয়ত বাড়লেও তাদেরকে সেই পরিমাণ চিকিৎসা ঘাটতিও পূরণ করা সম্ভব নয়, কারণ আমাদের রিসোর্স সীমিত। আর সেই জায়গা থেকেই আমরা কমিউনিটি ভিত্তিক স্বাস্থ্য সেবার কথা চিন্তা করেছি।

এই সম্মেলন উদ্বোধনী অনুষ্ঠান সমাপ্তির পর বিকেল পর্যন্ত মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন কর্মশালা, প্লেনারি ও সিম্পোজিয়াম অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ১৯৯৭ সাল থেকে ধারাবাহিকভাবে মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতার লক্ষ্যে কাজ করছে। তারই ধারাবাহিকতায় মানসিক স্বাস্থ্য সচেতনতা ও এ বিষয়ে গবেষণা তথ্য মানুষের কাছে তুলে ধরতে ২০০৬ সাল থেকে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি মানসিক স্বাস্থ্য বিষয়ক সম্মেলনের আয়োজন করে আসছে।

**Source:** https://www.nayashatabdi24.com/education/145712

THE DAILY Messenger

# ‘দেশে ১৮ ভাগ প্রাপ্ত বয়স্ক ও ১২ ভাগ শিশু-কিশোর মানসিক সমস্যায় ভুগছে’

ঢাবি প্রতিনিধি

প্রকাশিত: ১৫:২৫, ২২ সেপ্টেম্বর ২০২৩




বাংলাদেশের ১৮ দশমিক ৭ ভাগ প্রাপ্ত বয়স্ক এবং ১২ দশমিক ৬ ভাগ শিশুকিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে বলে জানানো হয়েছে।

‘কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য: বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি’ শীর্ষক সম্মেলনে উপস্থাপিত মূল প্রবন্ধে এসব তথ্য উঠে এসেছে।

শুক্রবার (২২ সেপ্টেম্বর) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ৪ দিনব্যাপী এ সম্মেলনের উদ্বোধন করা হয়।মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির সাধারণ সম্পাদক ড. মো. শাহানূর হোসেন।

মূল প্রবন্ধে আরও জানানো হয়, দেশের ৯২ ভাগ লোক মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না। এই বিশাল জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে দেশে মানসিক স্বাস্থ্য পেশাজীবীর অপ্রতুলতা রয়েছে।

সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জা মান মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির উপর গুরুত্বারোপ করে বলেন, মানসিক স্বাস্থ্য সুর ক্ষার জন্য স্মার্ট ফোন, ডিজিটাল প্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ এবং মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধাসমূহ দূর করতে হবে।

উপাচার্য মানসিক স্বাস্থ্য সেবা খাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশের কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে তাদের প্রশিক্ষিত জনশক্তি হিসেবে গড়ে উঠতে হবে। তিনি বলেন, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানসিক স্বাস্থ্য সেবা খাতের পেশাজীবী সংকট নিরসন করা সম্ভব। দেশের কমিউনিটি ক্লিনিকসমূহও এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে বলে তিনি উল্লেখ করেন।
উপাচার্যআরও বলেন, মানসিক চাপ ও বিষণ্নতা নিয়ন্ত্রণে সকলকে দক্ষতা অর্জন করতে হবে। অ বহেলিত, বঞ্চিত ও হতাশাগ্রস্ত মানুষকে সমাজ ও কর্মের মধ্যে সম্পৃক্ত করতে হবে। মানসিক স্বা স্থ্যসেবা নিশ্চিত করতে সামাজিক দায়বদ্ধতা বৃদ্ধি করার উপরও তিনি গুরুত্বারোপ করেন।
ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ এবং বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সো সাইটি যৌথভাবে এই সম্মেলন আয়োজন করেছে।

বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ কামরুজ্জামান ম জুমদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য অধিদপ্তরের নন
কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগামের লাইন ডিরেক্টর অধ্যাপক ডা. মো. রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির সাবেক সভাপতি ড. গ্রাহাম পাওয়েল বিশেষ অতিথি হিসে বে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারপার্সন মিসেস জোবেদা খাতুন।

Source: https://www.dailymessenger.net/bangla/health/news/22480

# মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধাসমূহ দূর করতে হবে– ঢাবি উপাচার্য

জালাল আহমদ, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

Update Time : শুক্রবার, ২২ সেপ্টেম্বর, ২০২৩




**জালাল আহমদ, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি** : ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির উপর গুরুত্বারোপ করে বলেছেন, মানসিক স্বাস্থ্য সুরক্ষার জন্য স্মার্ট ফোন, ডিজিটাল প্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ এবং মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধাসমূহ দূর করতে হবে। আজ ২২ সেপ্টেম্বর (২০২৩) শুক্রবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য: বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি' শীর্ষক ৪-দিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ এবং বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যৌথভাবে এই সম্মেলন আয়োজন করেছে।

বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি'র সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য অধিদপ্তরের নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগামের লাইন ডিরেক্টর অধ্যাপক ডা. মো. রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির সাবেক সভাপতি ড. গ্রাহাম পাওয়েল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি'র সাধারণ সম্পাদক ড. মো. শাহানূর হোসেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারপার্সন মিসেস জোবেদা খাতুন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্য সেবা খাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহবান জানিয়ে বলেন, দেশের কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে তাদের প্রশিক্ষিত জনশক্তি হিসেবে গড়ে উঠতে হবে। তিনি বলেন, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানসিক স্বাস্থ্য সেবা খাতের পেশাজীবী সংকট নিরসন করা সম্ভব। দেশের কমিউনিটি ক্লিনিকসমূহও এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে বলে তিনি উল্লেখ করেন। উপাচার্য বলেন, মানসিক চাপ ও বিষণœতা নিয়ন্ত্রণে সকলকে দক্ষতা অর্জন করতে হবে। অবহেলিত, বি ত ও হতাশাগ্রস্ত মানুষকে সমাজ ও কর্মের মধ্যে সম্পৃক্ত করতে হবে। মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সামাজিক দায়বদ্ধতা বৃদ্ধি করার উপরও তিনি গুরুত্বারোপ করেন।মূল প্রবন্ধে জানানো হয়, বাংলাদেশের ১৮ দশমিক ৭ ভাগ প্রাপ্ত বয়স্ক এবং ১২ দশমিক ৬ ভাগ শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে। দেশের ৯২ ভাগ লোক মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না। এই বিশাল জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে দেশে মানসিক স্বাস্থ্য পেশাজীবীর অপ্রতুলতা রয়েছে।

কিউএনবি/অনিমা/২২ সেপ্টেম্বর ২০২৩,/বিকাল ৫:৩১

Source: https://quicknewsbd.com/?p=766578

ডেইলি গাজীপুর
সবার আগে সত্য খবর

# কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবার প্রসার সময়ের দাবি–প্রফেসর ডঃ মোঃ আখতারুজ্জামান

By **dailygazipuronline**

সেপ্টেম্বর ২৩, ২০২৩




**ডেইলি গাজীপুর প্রতিবেদক** : "বাংলাদেশে মানিসক রোগের চিকিৎসা ও এর প্রতিরোধে সবচেয়ে বড় বাঁধা হল এর সম্পর্কে মানুষের মধ্যে বদ্ধমুল ধারণা।' শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, প্রফেসর ডঃ মোঃ আখতারুজ্জামান এ কথা বলেন। তিনি আরও বলেন – শরীর ও মনের মাঝে যে যোগসুত্র রয়েছে তা একে অন্যের পরিপুরক। একটিকে বাদ দিয়ে আরেকটি ভাবা যায় না। শরীরে অসুখ হলে যেমন ওষুধ লাগে তেমনি মনের অসুখ হলে এর চিকিৎসাও লাগে। গত ২৫ বছরে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অগ্রজাত্রায় তিনি সবাইকে অভিনন্দন জানান পাশাপাশি দেশে মানসিক স্বাস্থ্য সেবায় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে তার ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরিতে গুরুত্ব দেন। তাছাড়া তিনি মাননীয় প্রধানমন্ত্রীর অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগ কমিউনিটি স্বাস্থ্য সেবার কথা উল্লেখ করে মানসিক স্বাস্থ্য সেবাকে কমিউনিটি স্বাস্থ্য সেবায় যুক্ত করার উপর গুরুত্ব দেন পাশাপাশি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরির করে মানসিক স্বাস্থ্য সেবার যে চাহিদ আছে তা পুরনে সবার দৃষ্টি আকর্ষণ করেন।

অনুষ্ঠানের মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সাধারন সম্পাদক ডঃ শাহনুর হোসেন। তিনি বলেন- বাংলাদেশের জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট পরিচালিত ২০১৮-১৯ জরিপে দেখা গেছে বাংলাদেশের ৯২% মানুষ মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না এবং ১৮.৭% প্রাপ্ত বয়স্ক এবং ১২.৬% শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত ।

প্রাপ্ত বয়স্কদের মধ্যে ৬.৭% বিসন্নতায় ও ৪.৭% উদ্বেগ জনিত সমস্যায় ভুগছেন। তিনি দেশের জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবাদানকারি পেশাজীবীদের অপ্রতুলতা বিষয়টি তুলে ধরে বলেন যে দেশে প্রায় ১০০০ মনোবিজ্ঞানী রয়েছে যা পর্যাপ্ত মানসিক স্বাস্থ্য সেবা প্রদানে পর্যাপ্ত নয়। পেশাদার হিসেবে মনোবিজ্ঞানী তৈরি হতে অনেক বছর সময় লেগে যায় তাই কমিউনিটি পর্যায়ে কাজ করার জন্য প্রশিক্ষণ দিয়ে প্রশিক্ষিত পেশাজীবী তৈরির বিষয়টি তুলে ধরেন । দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব আরোপ করে ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে "কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে

মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ ২২ সেপ্টেম্বর ২০২৩, শুক্রবার সকাল ৯.৩০ ঘটিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- স্বাস্থ্য অধিদপ্তরের নন কমুনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম-এর লাইন ডিরেক্টর প্রফেসর ডাঃ মোঃ রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ মোঃ মাহবুব হাসান, এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ডঃ গ্রাহাম পাওয়েল। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি ডঃ মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ মোঃ মাহবুব হাসান বলেন- মানুষের বংশগতির সাথে মানসিক সমস্যার সম্পর্ক রয়েছে। মস্তিস্কের অনেক কেমিক্যাল আমাদের চিন্তা ও মানসিক সমস্যায় ভুমিকা পালন করে। মনের অবস্থা শরীরে প্রভাব ফেলে এরা একে অন্নের সাথে যুক্ত। তাই মনকে বাদ দিয়ে শুধু শরীরের রোগকে গুরুত্ব দিলে চলবে না বলে তিনি মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে মানুষকে আহবান জানান।

ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ডঃ গ্রাহাম পাওয়েল বিশেষ অতিথির বক্তব্বে বাংলাদেশে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের সুদীর্ঘ যাত্রায় থাকতে পেরে গর্বিত বোধ করেন এবং বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবায় কমিউনিটি পর্যায়ে কাজের ব্যাপক সুযোগ রয়েছে বলে তিনি মনে করেন।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি প্রফেসর ডঃ মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার বলেন যে- দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে "কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে

এ বছরের সমল্লেওন অনুষ্ঠিত হচ্ছে। তিনি আরও বলেন যে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ শুধু শিক্ষক নয় গবেষক ও পেশাদার মানসিক স্বাস্থ্য সেবাদানকারী তৈরিতেও কাজ করে যাচ্ছে। তিনি মানসিক স্বাস্থ্য সেবা ও এর কার্যক্রমে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের সহায়তায় কথা তুলে ধরেন। দেশে মানসিক স্বাস্থ্য সেবার খরচ কমিয়ে সাধারণ মানুষের মধ্যে মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে সরকারের সহযোগিতা বাড়ানোর বিষয়ে গুরুরত্ত আরোপ করেন।
উল্লেখ্য উক্ত সম্মেলন উদযাপন উপলক্ষে মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন কর্মশালা, প্লেনারি সেশন, সিম্পোজিয়াম অনুষ্ঠিত হচ্ছে। পাশাপাশি বেশ কিছু দেশি বিদেশি গবেষণাপত্র উপস্থাপিত হচ্ছে।

সম্মেলনটি যৌথ ভাবে আয়োজন করছে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ।

মানসিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ১৯৯৭ সাল থেকে ধারাবাহিকভাবে মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতার লক্ষে কাজ করে যাচ্ছে পাশাপাশি মানসিক স্বাস্থ্য বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা ও এই বিষয়ে বিভিন্ন গবেষণা তথ্য দেশের মানুষের কাছে তুলে ধরার জন্য ২০০৬ সাল থেকে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি মানসিক স্বাস্থ্য বিষয়ে সম্মেলন অনুষ্ঠান আয়োজন করে আসছে।

Source:
https://www.dailygazipuronline.com/%E0%A6%95%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%89%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%AA%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A7%9F%E0%A7%87-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%95/

সবার আগে সেরা খবর
M24NEWS
www.mithapukur24news.com

# কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবার প্রসারের আহবান ঢাবি উপাচার্যের

২২ সেপ্টেম্বর/২০২৩

M24News

**"বাংলাদেশে মানিসক রোগের চিকিৎসা ও এর প্রতিরোধে সবচেয়ে বড় বাঁধা হল এর সম্পর্কে মানুষের মধ্যে বদ্ধমুল ধারণা। বিশেষত শরীর ও মনের মাঝে যে যোগসুত্র রয়েছে তা একে অন্যের পরিপুরক। একটিকে বাদ দিয়ে আরেকটি ভাবা যায় না। শরীরে অসুখ হলে যেমন ওষুধ লাগে তেমনি মনের অসুখ হলে এর চিকিৎসাও লাগে"।**

২২ সেপ্টেম্বর শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ মোঃ আখতারুজ্জামান এ কথা বলেন।

এ সময় তিনি গত ২৫ বছরে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অগ্রজাত্রায় সবাইকে অভিনন্দন জানানোর পাশাপাশি দেশে মানসিক স্বাস্থ্য সেবায় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে তার ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরিতে গুরুত্ব দেন।

তাছাড়া তিনি প্রধানমন্ত্রীর অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগ কমিউনিটি স্বাস্থ্য সেবার কথা উল্লেখ করে মানসিক স্বাস্থ্য সেবাকে কমিউনিটি স্বাস্থ্য সেবায় যুক্ত করার উপর গুরুত্ব দেন পাশাপাশি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরির করে মানসিক স্বাস্থ্য সেবার যে চাহিদ আছে তা পুরনে সবার দৃষ্টি আকর্ষণ করেন।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সাধারণ সম্পাদক ডঃ শাহনুর হোসেন। তিনি বলেন, বাংলাদেশের জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট পরিচালিত ২০১৮-১৯ জরিপে দেখা গেছে বাংলাদেশের ৯২% মানুষ মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না এবং ১৮.৭% প্রাপ্ত বয়স্ক এবং ১২.৬% শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত। প্রাপ্ত বয়স্কদের মধ্যে ৬.৭% বিসন্নতায় ও ৪.৭% উদ্বেগ জনিত সমস্যায় ভুগছেন। তিনি দেশের জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবাদানকারি পেশাজীবীদের অপ্রতুলতা বিষয়টি তুলে ধরে বলেন যে দেশে প্রায় ১০০০ মনোবিজ্ঞানী রয়েছে যা পর্যাপ্ত মানসিক

স্বাস্থ্য সেবা প্রদানে পর্যাপ্ত নয়। পেশাদার হিসেবে মনোবিজ্ঞানী তৈরি হতে অনেক বছর সময় লেগে যায় তাই কমিউনিটি পর্যায়ে কাজ করার জন্য প্রশিক্ষণ দিয়ে প্রশিক্ষিত পেশাজীবী তৈরির বিষয়টি তুলে ধরেন।

দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব আরোপ করে ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে "কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে ২২ সেপ্টেম্বর সকাল ৯টা ৩০ মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের নন কমুনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম-এর লাইন ডিরেক্টর প্রফেসর ডাঃ মোঃ রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ মোঃ মাহবুব হাসান, এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ডঃ গ্রাহাম পাওয়েল। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি ডঃ মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ মোঃ মাহবুব হাসান বলেন- মানুষের বংশগতির সাথে মানসিক সমস্যার সম্পর্ক রয়েছে। মস্তিস্কের অনেক কেমিক্যাল আমাদের চিন্তা ও মানসিক সমস্যায় ভুমিকা পালন করে। মনের অবস্থা শরীরে প্রভাব ফেলে এরা একে অন্নের সাথে যুক্ত। তাই মনকে বাদ দিয়ে শুধু শরীরের রোগকে গুরুত্ব দিলে চলবে না বলে তিনি মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে মানুষকে আহবান জানান।

বিশেষ অতিথি ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ডঃ গ্রাহাম পাওয়েল বাংলাদেশে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের সুদীর্ঘ যাত্রায় থাকতে পেরে গর্বিত বোধ করেন এবং বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবায় কমিউনিটি পর্যায়ে কাজের ব্যাপক সুযোগ রয়েছে বলে তিনি মনে করেন।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি প্রফেসর ডঃ মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার বলেন, দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে "কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে এ বছরের সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে।

তিনি আরও বলেন যে, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ শুধু শিক্ষক নয় গবেষক ও পেশাদার মানসিক স্বাস্থ্য সেবাদানকারী তৈরিতেও কাজ করে যাচ্ছে। তিনি মানসিক স্বাস্থ্য সেবা ও এর কার্যক্রমে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের সহায়তায় কথা তুলে ধরেন। দেশে

মানসিক স্বাস্থ্য সেবার খরচ কমিয়ে সাধারণ মানুষের মধ্যে মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে সরকারের সহযোগিতা বাড়ানোর বিষয়ে গুরুরত্ত আরোপ করেন।

উল্লেখ্য এই সম্মেলন উদযাপন উপলক্ষে মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন কর্মশালা, প্লেনারি সেশন, সিম্পোজিয়াম অনুষ্ঠিত হচ্ছে। পাশাপাশি বেশ কিছু দেশি বিদেশি গবেষণাপত্র উপস্থাপিত হচ্ছে। সম্মেলনটি যৌথ ভাবে আয়োজন করছে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ।

প্রসঙ্গত, মানসিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ১৯৯৭ সাল থেকে ধারাবাহিকভাবে মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতার লক্ষে কাজ করে যাচ্ছে পাশাপাশি মানসিক স্বাস্থ্য বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা ও এই বিষয়ে বিভিন্ন গবেষণা তথ্য দেশের মানুষের কাছে তুলে ধরার জন্য ২০০৬ সাল থেকে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি মানসিক স্বাস্থ্য বিষয়ে সম্মেলন অনুষ্ঠান আয়োজন করে আসছে।

Source:
https://www.mithapukur24news.com/%E0%A6%B6%E0%A6%BF%E0%A6%B0%E0%A7%8B%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%AE/%E0%A6%95%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%89%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%AA%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%AF%E0%A6%BC%E0%A7%87-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%95%E0%A6%95/

বিশ্ব জয় করে এখন বাংলাদেশে
www.bbcekottor.com
বিবিসি একাত্তর
নিউজ জগতে একধাপ এগিয়ে...

# কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবার প্রসারের আহবান ঢাবি উপাচার্যের

নিজস্ব প্রতিনিধি / ৬১ Time View

আপডেট : শনিবার, ২৩ সেপ্টেম্বর, ২০২৩




"বাংলাদেশে মানিসক রোগের চিকিৎসা ও এর প্রতিরোধে সবচেয়ে বড় বাঁধা হল এর সম্পর্কে মানুষের মধ্যে বদ্ধমুল ধারণা। বিশেষত শরীর ও মনের মাঝে যে যোগসুত্র রয়েছে তা একে অন্যের পরিপুরক। একটিকে বাদ দিয়ে আরেকটি ভাবা যায় না। শরীরে অসুখ হলে যেমন ওষুধ লাগে তেমনি মনের অসুখ হলে এর চিকিৎসাও লাগে"- ' ২২ সেপ্টেম্বর শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ মোঃ আখতারুজ্জামান এ কথা বলেন।

এ সময় তিনি গত ২৫ বছরে বাংলাদেশে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অগ্রজাত্রায় সবাইকে অভিনন্দন জানানোর পাশাপাশি দেশে মানসিক স্বাস্থ্য সেবায় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে তার ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরিতে গুরুত্ব দেন। তাছাড়া তিনি প্রধানমন্ত্রীর অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগ কমিউনিটি স্বাস্থ্য সেবার কথা উল্লেখ করে মানসিক স্বাস্থ্য সেবাকে কমিউনিটি স্বাস্থ্য সেবায় যুক্ত করার উপর গুরুত্ব দেন পাশাপাশি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরির করে মানসিক স্বাস্থ্য সেবার যে

চাহিদ আছে তা পুরনে সবার দৃষ্টি আকর্ষণ করেন।অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সাধারণ সম্পাদক ডঃ শাহনুর হোসেন। তিনি বলেন, বাংলাদেশের জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট পরিচালিত ২০১৮-১৯ জরিপে দেখা গেছে বাংলাদেশের ৯২% মানুষ মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না এবং ১৮.৭% প্রাপ্ত বয়স্ক এবং ১২.৬% শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত। প্রাপ্ত বয়স্কদের মধ্যে ৬.৭% বিসন্নতায় ও ৪.৭% উদ্বেগ জনিত সমস্যায় ভুগছেন। তিনি দেশের জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবাদানকারি পেশাজীবীদের অপ্রতুলতা বিষয়টি তুলে ধরে বলেন যে দেশে প্রায় ১০০০ মনোবিজ্ঞানী রয়েছে যা পর্যাপ্ত মানসিক স্বাস্থ্য সেবা প্রদানে পর্যাপ্ত নয়। পেশাদার হিসেবে মনোবিজ্ঞানী তৈরি হতে অনেক বছর সময় লেগে যায় তাই কমিউনিটি পর্যায়ে কাজ করার জন্য প্রশিক্ষণ দিয়ে প্রশিক্ষিত পেশাজীবী তৈরির বিষয়টি তুলে ধরেন।

দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব আরোপ করে ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে “কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ২২ সেপ্টেম্বর সকাল ৯টা ৩০ মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের নন কমুনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম-এর লাইন ডিরেক্টর প্রফেসর ডাঃ মোঃ রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ মোঃ মাহবুব হাসান, এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ডঃ গ্রাহাম পাওয়েল। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি ডঃ মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ মোঃ মাহবুব হাসান বলেন- মানুষের বংশগতির সাথে মানসিক সমস্যার সম্পর্ক রয়েছে। মস্তিস্কের অনেক কেমিক্যাল আমাদের চিন্তা ও মানসিক সমস্যায় ভুমিকা পালন করে। মনের অবস্থা শরীরে প্রভাব ফেলে এরা একে অন্নের সাথে যুক্ত। তাই মনকে বাদ দিয়ে শুধু শরীরের রোগকে গুরুত্ব দিলে চলবে না বলে তিনি মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে মানুষকে আহবান জানান।

বিশেষ অতিথি ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ডঃ গ্রাহাম পাওয়েল বাংলাদেশে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের সুদীর্ঘ যাত্রায় থাকতে পেরে গর্বিত বোধ করেন এবং

বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবায় কমিউনিটি পর্যায়ে কাজের ব্যাপক সুযোগ রয়েছে বলে তিনি মনে করেন।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি প্রফেসর ডঃ মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার বলেন, দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে "কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে এ বছরের সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে।

তিনি আরও বলেন যে, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ শুধু শিক্ষক নয় গবেষক ও পেশাদার মানসিক স্বাস্থ্য সেবাদানকারী তৈরিতেও কাজ করে যাচ্ছে। তিনি মানসিক স্বাস্থ্য সেবা ও এর কার্যক্রমে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের সহায়তায় কথা তুলে ধরেন। দেশে মানসিক স্বাস্থ্য সেবার খরচ কমিয়ে সাধারণ মানুষের মধ্যে মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে সরকারের সহযোগিতা বাড়ানোর বিষয়ে গুরুরত্ত আরোপ করেন।

উল্লেখ্য এই সম্মেলন উদযাপন উপলক্ষে মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন কর্মশালা, প্লেনারি সেশন, সিম্পোজিয়াম অনুষ্ঠিত হচ্ছে। পাশাপাশি বেশ কিছু দেশি বিদেশি গবেষণাপত্র উপস্থাপিত হচ্ছে। সম্মেলনটি যৌথ ভাবে আয়োজন করছে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ।

প্রসঙ্গত, মানসিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ১৯৯৭ সাল থেকে ধারাবাহিকভাবে মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতার লক্ষে কাজ করে যাচ্ছে পাশাপাশি মানসিক স্বাস্থ্য বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা ও এই বিষয়ে বিভিন্ন গবেষণা তথ্য দেশের মানুষের কাছে তুলে ধরার জন্য ২০০৬ সাল থেকে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি মানসিক স্বাস্থ্য বিষয়ে সম্মেলন অনুষ্ঠান আয়োজন করে আসছে।

Source:

https://bbcekottor.com/2023/09/23/%E0%A6%95%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%89%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%AA%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%AF%E0%A6%BC%E0%A7%87-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%95/

সাম্প্রতিক দেশকাল

# মানসিক রোগের চিকিৎসায় বড় বাধা বদ্ধমুল ধারণা’




বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা। ছবি- সাম্প্রতিক দেশকাল

সিনিয়র রিপোর্টার
প্রকাশ: ২৩ সেপ্টেম্বর ২০২৩, ১০:৩১ পিএম
আপডেট: ২৩ সেপ্টেম্বর ২০২৩, ১০:৩৩ পিএম

**ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ মোঃ আখতারুজ্জামান বলেছেন, বাংলাদেশে মানসিক রোগের চিকিৎসা ও এর প্রতিরোধে সবচেয়ে বড় বাধা হল এ সম্পর্কে মানুষের মধ্যে বদ্ধমুল ধারণা।**

গতকাল শুক্রবার (২২ সেপ্টেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, শরীর ও মনের মাঝে যে যোগসুত্র রয়েছে তা একে অন্যের পরিপুরক। একটিকে বাদ দিয়ে আরেকটি ভাবা যায় না। শরীরে অসুখ হলে যেমন ওষুধ লাগে তেমনি মনের অসুখ হলে এর চিকিৎসাও লাগে। গত ২৫ বছরে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অগ্রযাত্রায় তিনি সবাইকে অভিনন্দন জানানোর পাশাপাশি দেশে মানসিক স্বাস্থ্য সেবায়

ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে তার ভূয়সী প্রশংসা করেন।

এসময় তিনি প্রধানমন্ত্রীর অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগ কমিউনিটি স্বাস্থ্য সেবার কথা উল্লেখ করে মানসিক স্বাস্থ্য সেবাকে কমিউনিটি স্বাস্থ্য সেবায় যুক্ত করার ওপর গুরুত্বারোপের পাশাপাশি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরির করে মানসিক স্বাস্থ্য সেবার যে চাহিদা আছে তা পুরণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

অনুষ্ঠানের মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সাধারন সম্পাদক ডঃ শাহনুর হোসেন।

তিনি বলেন, বাংলাদেশের জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট পরিচালিত ২০১৮-১৯ জরিপে দেখা গেছে বাংলাদেশের ৯২ শতাংশ মানুষ মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না এবং ১৮ দশমিক সাত শতাংশ প্রাপ্ত বয়স্ক এবং ১২ দশমিক ৬ শতাংশ শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত। প্রাপ্ত বয়স্কদের মধ্যে ৬ দশমিক ৭ শতাংশ বিসন্নতায় ও ৪ দশমিক ৭ শতাংশ উদ্বেগ জনিত সমস্যায় ভুগছেন।

তিনি দেশের জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবাদানকারি পেশাজীবীদের অপ্রতুলতার বিষয়টি তুলে ধরে বলেন, যে দেশে প্রায় ১০০০ মনোবিজ্ঞানী রয়েছে, যা পর্যাপ্ত মানসিক স্বাস্থ্য সেবা প্রদানে পর্যাপ্ত নয়। পেশাদার হিসেবে মনোবিজ্ঞানী তৈরি হতে অনেক বছর সময় লেগে যায় তাই কমিউনিটি পর্যায়ে কাজ করার জন্য প্রশিক্ষণ দিয়ে প্রশিক্ষিত পেশাজীবী তৈরির বিষয়টি তুলে ধরেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- স্বাস্থ্য অধিদপ্তরের নন কমুনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম-এর লাইন ডিরেক্টর প্রফেসর ডাঃ মোঃ রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ মোঃ মাহবুব হাসান, এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট ডঃ গ্রাহাম পাওয়েল। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি ডঃ মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার।

সম্মেলনটি যৌথ ভাবে আয়োজন করছে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ। মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও এ বিষয়ে বিভিন্ন গবেষণা তথ্য দেশের মানুষের কাছে তুলে ধরতে ২০০৬ সাল থেকে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি মানসিক স্বাস্থ্য বিষয়ক সম্মেলন অনুষ্ঠান আয়োজন করে আসছে।

Source:

https://shampratikdeshkal.com/city/news/2309124037/%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B8%E0%A6%95-%E0%A6%B0%E0%A7%8B%E0%A6%97%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BF%E0%A7%8E%E0%A6%B8%E0%A6%BE%E0%A7%9F-%E0%A6%AC%E0%A7%9C-%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%81%E0%A6%A7%E0%A6%BE-%E0%A6%AC%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%A7%E0%A6%AE%E0%A7%81%E0%A6%B2-%E0%A6%A7%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%A3%E0%A6%BE

ডেইলি বাংলাদেশ
স্বপ্ন যত দূর

# মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধা দূর করতে হবে: ঢাবি উপাচার্য




*সংগৃহীত ছবি*

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করে বলেছেন, মানসিক স্বাস্থ্য সুরক্ষার জন্য স্মার্ট ফোন, ডিজিটাল প্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ এবং মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধাগুলো দূর করতে হবে।

শুক্রবার বিশ্ববিদ্যালয়ে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ‘কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য: বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি’ শীর্ষক চার দিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ এবং বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করে।

বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদারের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদফতরের নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রামের লাইন ডিরেক্টর অধ্যাপক ডা. মো. রোবেন আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির সাবেক সভাপতি ড. গ্রাহাম পাওয়েল। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির সাধারণ সম্পাদক ড. মো. শাহানূর হোসেন।

সম্মেলনে স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারপারসন মিসেস জোবেদা খাতুন।

উপাচার্য আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্যসেবা খাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশের কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে তাদের প্রশিক্ষিত জনশক্তি হিসেবে গড়ে উঠতে হবে।

তিনি বলেন, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়ার মাধ্যমে মানসিক স্বাস্থ্যসেবা খাতের পেশাজীবী সংকট নিরসন করা সম্ভব। দেশের কমিউনিটি ক্লিনিকগুলোও এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে। মানসিক চাপ ও বিষণ্নতা নিয়ন্ত্রণে সবাইকে দক্ষতা অর্জন করতে হবে। অবহেলিত, বঞ্চিত ও হতাশাগ্রস্ত মানুষকে সমাজ ও কর্মের মধ্যে সম্পৃক্ত করতে হবে। মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সামাজিক দায়বদ্ধতা বাড়ানোর ওপরও তিনি গুরুত্বারোপ করেন।

মূল প্রবন্ধে জানানো হয়, দেশের ১৮ দশমিক ৭ শতাংশ প্রাপ্ত বয়স্ক এবং ১২ দশমিক ৬ শতাংশ শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে। দেশের ৯২ ভাগ লোক মানসিক রোগের কোনো চিকিৎসা গ্রহণ করে না। এ বিশাল জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে দেশে মানসিক স্বাস্থ্য পেশাজীবীর অপ্রতুলতা রয়েছে।

Source: https://www.daily-bangladesh.com/education/419990

Published: 24 Sep, 2023

# মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধাসমূহ দূর করতে হবে-- ঢাবি উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির উপর গুরুত্বারোপ করে বলেছেন, মানসিক স্বাস্থ্য সুরক্ষার জন্য স্মার্ট ফোন, ডিজিটাল প্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ এবং মানসিক চিকিৎসার ক্ষেত্রে সামাজিক বাধাসমূহ দূর করতে হবে। আজ ২২ সেপ্টেম্বর ২০২৩ শুক্রবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ‘কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য: বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি’ শীর্ষক ৪-দিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ এবং বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যৌথভাবে এই সম্মেলন আয়োজন করেছে।

বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি’র সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য অধিদপ্তরের নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগামের লাইন ডিরেক্টর অধ্যাপক ডা. মো. রোবেদ আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির সাবেক সভাপতি ড. গ্রাহাম পাওয়েল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি’র সাধারণ সম্পাদক ড. মো. শাহানূর হোসেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারপার্সন মিসেস জোবেদা খাতুন।



উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্য সেবা খাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহবান জানিয়ে বলেন, দেশের কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে তাদের প্রশিক্ষিত জনশক্তি হিসেবে গড়ে উঠতে হবে। তিনি বলেন, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের শিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানসিক স্বাস্থ্য সেবা খাতের পেশাজীবী সংকট নিরসন করা সম্ভব। দেশের কমিউনিটি ক্লিনিকসমূহও এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে বলে তিনি উল্লেখ করেন। উপাচার্য বলেন, মানসিক চাপ ও বিষণœতা নিয়ন্ত্রণে সকলকে দক্ষতা অর্জন করতে হবে। অবহেলিত, বঞ্চিত ও হতাশাগ্রস্ত মানুষকে সমাজ ও কর্মের মধ্যে সম্পৃক্ত করতে হবে। মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সামাজিক দায়বদ্ধতা বৃদ্ধি করার উপরও তিনি গুরুত্বারোপ করেন।

মূল প্রবন্ধে জানানো হয়, বাংলাদেশের ১৮ দশমিক ৭ ভাগ প্রাপ্ত বয়স্ক এবং ১২ দশমিক ৬ ভাগ শিশু-কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে। দেশের ৯২ ভাগ লোক মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না। এই বিশাল জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে দেশে মানসিক স্বাস্থ্য পেশাজীবীর অপ্রতুলতা রয়েছে।

(মোহাম্মদ রফিকুল ইসলাম)
উপ-পরিচালক
জনসংযোগ দফতর
ঢাকা বিশ্ববিদ্যালয়

Source:
https://du.ac.bd/du_post_details/%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BF%E0%A7%8E%E0%A6%B8%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A7%87%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%87-%E0%A6%B8%E0%A6%BE%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%9C%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%A7%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%AE%E0%A7%82%E0%A6%B9-%E0%A6%A6%E0%A7%82%E0%A6%B0-%E0%A6%95%E0%A6%B0%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87---%E0%A6%A2%E0%A6%BE%E0%A6%AC%E0%A6%BF-%E0%A6%89%E0%A6%AA%E0%A6%BE%E0%A6%9A%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF/19337

# কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবার প্রসার সময়ের দাবি

By= **Purno joy**

September 26, 2023




“বাংলাদেশে মানসিক রোগের চিকিৎসা ও এর প্রতিরোধে সবচেয়ে বড় বাঁধা হল এর সম্পর্কে মানুষের মধ্যে বদ্ধমূল ধারণা।‘ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে **৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে** প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের **মাননীয় উপাচার্য, প্রফেসর ড. মো. আখতারুজ্জামান** এ কথা বলেন। তিনি আরও বলেন – শরীর ও মনের মাঝে যে যোগসূত্র রয়েছে তা একে অন্যের পরিপূরক। একটিকে বাদ দিয়ে আরেকটি ভাবা যায় না। শরীরে অসুখ হলে যেমন ওষুধ লাগে তেমনি মনের অসুখ হলে এর চিকিৎসাও লাগে। গত ২৫ বছরে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অগ্রযাত্রায় তিনি সবাইকে অভিনন্দন জানান পাশাপাশি দেশে মানসিক স্বাস্থ্য সেবায় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে তার ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরিতে গুরুত্ব দেন। তাছাড়া তিনি মাননীয় প্রধানমন্ত্রীর অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগ কমিউনিটি স্বাস্থ্য সেবার কথা উল্লেখ করে

মানসিক স্বাস্থ্য সেবাকে কমিউনিটি স্বাস্থ্য সেবায় যুক্ত করার উপর গুরুত্ব দেন; পাশাপাশি প্রশিক্ষিত মনোবিজ্ঞানী তৈরির করে মানসিক স্বাস্থ্য সেবার যে চাহিদ আছে তা পূরনে সবার দৃষ্টি আকর্ষণ করেন। অনুষ্ঠানের **মূল প্রবন্ধ উপস্থাপন** করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সাধারন সম্পাদক **ড. শাহনুর হোসেন**। তিনি বলেন– বাংলাদেশের জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট পরিচালিত ২০১৮–১৯ জরিপে দেখা গেছে

বাংলাদেশের ৯২% মানুষ মানসিক রোগের কোন চিকিৎসা গ্রহণ করে না এবং ১৮.৭% প্রাপ্ত বয়স্ক এবং ১২.৬% শিশু–কিশোর মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত । প্রাপ্ত বয়স্কদের মধ্যে **৬.৭% বিসন্নতায়** ও **৪.৭% উদ্বেগ জনিত** সমস্যায় ভুগছেন। তিনি দেশের জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবাদানকারি পেশাজীবীদের অপ্রতুলতা বিষয়টি তুলে ধরে বলেন যে দেশে প্রায় ১০০০ মনোবিজ্ঞানী রয়েছে যা মানসিক স্বাস্থ্য সেবা প্রদানে পর্যাপ্ত নয়। পেশাদার মনোবিজ্ঞানী তৈরি হতে অনেক বছর সময় লেগে যায় তাই কমিউনিটি পর্যায়ে কাজ করার জন্য প্রশিক্ষণ দিয়ে প্রশিক্ষিত পেশাজীবী তৈরির বিষয়টি তুলে ধরেন ।

দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব আরোপ করে ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে **"কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি"**এই প্রতিপাদ্যকে সামনে রেখে **গত ২২ সেপ্টেম্বর ২০২৩, শুক্রবার সকাল ৯.৩০ ঘটিকায়** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে **৬ষ্ঠ বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সম্মেলনের** উদ্বোধন অনুষ্ঠিত হয়।




সম্মেলনে বক্তব্য রাখছে মাননীয় ভিসি মহোদয়

অনুষ্ঠানে **বিশেষ অতিথি** হিসেবে উপস্থিত ছিলেন– স্বাস্থ্য অধিদপ্তরের নন কমুনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম–এর লাইন ডিরেক্টর প্রফেসর **ডা. মো. রোবেদ আমিন**, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন **প্রফেসর ড. মোঃ মাহবুব হাসান**, এবং ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট **ড. গ্রাহাম পাওয়েল**। অনুষ্ঠানটি **সভাপতিত্ব করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার**।

**বিশেষ অতিথির** বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডীন **প্রফেসর ড. মো. মাহবুব হাসান বলেন–** মানুষের বংশগতির সাথে মানসিক সমস্যার সম্পর্ক রয়েছে। মস্তিস্কের অনেক কেমিক্যাল আমাদের চিন্তা ও মানসিক সমস্যায় ভুমিকা পালন করে। মনের অবস্থা শরীরে প্রভাব ফেলে এরা একে অন্যের সাথে যুক্ত। তাই মনকে বাদ দিয়ে শুধু শরীরের রোগকে গুরুত্ব দিলে চলবে না বলে তিনি মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে মানুষকে আহবান জানান।

ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির প্রাক্তন প্রেসিডেন্ট **ড. গ্রাহাম পাওয়েল** বিশেষ অতিথির বক্তব্বে বাংলাদেশে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের সুদীর্ঘ যাত্রায় থাকতে পেরে গর্বিত বোধ করেন এবং বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবায় কমিউনিটি পর্যায়ে কাজের ব্যাপক সুযোগ রয়েছে বলে তিনি মনে করেন।

**সভাপতির বক্তব্যে** বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি (বিসিপিএস) এর সভাপতি প্রফেসর **ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার বলেন যে–** দেশে কমিউনিটি পর্যায়ে মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের উপর গুরুত্ব ও মানুষের মাঝে মানসিক স্বাস্থ্য বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধির লক্ষে "কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যঃ বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সেবার ব্যবধান কমিয়ে আনার চাবিকাঠি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে এ বছরের সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। তিনি আরও বলেন যে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ শুধু শিক্ষক নয় গবেষক ও পেশাদার মানসিক স্বাস্থ্য সেবাদানকারী তৈরিতেও কাজ করে যাচ্ছে। তিনি মানসিক স্বাস্থ্য সেবা ও এর কার্যক্রমে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের সহায়তায় কথা তুলে ধরেন। দেশে মানসিক স্বাস্থ্য সেবার খরচ কমিয়ে সাধারণ মানুষের মধ্যে মানসিক স্বাস্থ্য সেবা গ্রহনে সরকারের সহযোগিতা বাড়ানোর বিষয়ে গুরুরত্ত আরোপ করেন।

উল্লেখ্য উক্ত সম্মেলন উদযাপন উপলক্ষে মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন কর্মশালা, প্লেনারি সেশন, সিম্পোজিয়াম অনুষ্ঠিত হচ্ছে। পাশাপাশি বেশ কিছু দেশি বিদেশি গবেষণাপত্র উপস্থাপিত হচ্ছে। সম্মেলনটি যৌথ ভাবে আয়োজন করছে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ। মানসিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ও বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি ১৯৯৭ সাল থেকে ধারাবাহিকভাবে মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতার লক্ষে কাজ করে যাচ্ছে। পাশাপাশি মানসিক স্বাস্থ্য বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা ও এই বিষয়ে বিভিন্ন গবেষণা তথ্য দেশের মানুষের কাছে তুলে ধরার জন্য ২০০৬ সাল থেকে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি মানসিক স্বাস্থ্য বিষয়ে সম্মেলন অনুষ্ঠান আয়োজন করে আসছে।

**Source:**

https://monerkhabor.com/%E0%A6%95%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%89%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%AA%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A7%9F%E0%A7%87-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%95/?fbclid=IwAR37YLni-6_sYq-EIdc19gGvfsfR4WQwBz4fKRgM4Vv8WLPXLMpP_Z1BeOI